গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বগুড়া সরকারি কলেজ,বগুড়া।

EIIN-132124,ফোন:051-65272,www.bgcbogura.edu.bd,কোড:4367,ই-মেইল:principalgcibogra@gmail.com

# নোটিশ

অত্র কলেজের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জুলাই বিপ্লব স্মরণে উদ্ভাবনী আইডিয়া প্রতিযোগিতা অংশ গ্রহণে আগ্রহীদের আগামী ০৭/০৭/২০২৫ খ্রি. মধ্যে ড.মনসুর আহমেদ সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান এবং মোহাম্মদ হামিদুল আলম, সহকারী অধ্যাপক,পদার্থবিজ্ঞানের সাথে যোগাযোগ করতে বলা হলো।

যোগাযোগঃ

১। ড.মনসুর আহমেদ
মোবাইল নম্বরঃ-০১৭১৭৭৬৯৫৭৬

২। মোহাম্মদ হামিদুল আলম
মোবাইল নম্বরঃ-০১৭১৬২২৮০৩৬

06/07/2025
( অধ্যাপক মোঃ নূরুন্নবী- ৫৭৫৮)
অধ্যক্ষ
বগুড়া সরকারি কলেজ, বগুড়া।

(অধ্যাপক মোঃ নূরুন্নবী-৫৭৫৮)
অধ্যক্ষ
বগুড়া সরকারি কলেজ, বগুড়া।
06/07/25

# জেলা পরিষদ কার্যালয়
## বগুড়া
zp.bogra.gov.bd

স্মারক নং - ৪৬.৫০.১০০০.০০১.২৩.০০৩.২৫.৪৩০ তারিখ : ০১/০৭/২০২৫ খ্রি।

বিষয় : জুলাই বিপ্লব স্মরণে উদ্ভাবনী আইডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ধারণাপত্র আহবান।

সূত্র : স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা, ঢাকার স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০,
তারিখ : ৩০ জুন ২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণঅভ্যুত্থানের একবছর পূর্তি উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক বগুড়া জেলা পরিষদ কর্তৃক জেলা পর্যায়ে তরুণদের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক গ্রুপভিত্তিক আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতায় বিজয়ী গ্রুপের প্রত্যক্ষ অংশগ্রহণে নির্বাচিত উদ্ভাবনী প্রস্তাব বগুড়া জেলা পরিষদের অর্থায়নে (১-১০ লক্ষ টাকার মধ্যে) বাস্তবায়ন করা হবে। প্রতিযোগিতায় গ্রুপভিত্তিক অংশগ্রহণকারীদের জন্য নির্দেশনাবলী ও শর্তাবলী নিম্নরূপ :

| আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন | আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদন্ড) | সম্ভাব্য আইডিয়ার উদাহরণ |
|---|---|---|
| • ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;<br>• মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;<br>• যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;<br>• শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;<br>• গ্রুপ/দলে নারী সদস্যের অগ্রাধিকার নিশ্চিত করতে হবে। | • ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;<br>• আইডিয়ার শিরোনাম;<br>• আইডিয়ার ভূমিকা;<br>• আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;<br>• আইডিয়া বাস্তবায়নের দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;<br>• সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;<br>• প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness)<br>• কাঙ্খিত ফলাফল;<br>• গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;<br>• দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা। | • দেয়ালচিত্র;<br>• পথনাটক বা মঞ্চনাটক;<br>• প্রদর্শনী/প্রামাণ্যচিত্র;<br>• জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম;<br>• উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী;<br>• স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ;<br>• বর্জ্য-শূন্য অভিযান;<br>• গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম;<br>• জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)। |

উক্ত প্রতিযোগিতায় গ্রুপভিত্তিক/দলভিত্তিক অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান, মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) উল্লেখপূর্বক "আমার চোখে জুলাই বিপ্লব" প্রতিপাদ্যে আইডিয়া প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া বরাবর ০৮ জুলাই, ২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে বগুড়া জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি (হার্ডকপি) অথবা ই-মেইল (zpbogra@lgd.gov.bd) এ পিডিএফ কপি, এর যেকোনো ১টি মাধ্যমে দাখিল করতে পারবেন। প্রতিযোগিতা সম্পর্কিত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী বগুড়া জেলা পরিষদের ওয়েবসাইট **(zp.bogra.gov.bd)** হতে জানা যাবে।

এমতাবস্থায়, উল্লেখিত কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগীতা প্রদান ও প্রতিযোগীতায় তাঁর প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে-০৪(চার) পাতা।

০১/৭/২৫

(গোলাম মোঃ শাহনেওয়াজ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
(উপসচিব)
জেলা পরিষদ, বগুড়া।
ফোন নং ০২৫৮৮৮১০১৮১২।
ই-মেইল : zpbogra@lgd.gov.bd

প্রাপক,

.................................

.................................

.................................

স্মারক নং - ৪৬.৫০.১০০০.০০১.২৩.০০৩.২৫.৪৩০ তারিখ : ০১/০৭/২০২৫ খ্রি।

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। জেলা প্রশাসক, বগুড়া ও প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া।
৩। ........................................................, সদস্য, মূল্যায়ন/জেলা আইডিয়া বাস্তবায়ন কমিটি, বগুড়া।
৪। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
(উপসচিব)
জেলা পরিষদ, বগুড়া।